

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭৬৪ ২৯/ দু'আ ও যিকর পরিচ্ছেদঃ ঘুমাবার সময়ের দু'আ

আরবী

وَعَنِ البَرَاءِ بنِ عَازِب رَضِيَ اللهُ عَنهُمَا قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ إِذَا أَتَيتَ مَضْجَعَكَ فَتَوَضَّا وَصُوْءَكَ لِلصَّلَاةِ ثُمَّ اصْطَجِعْ عَلَى شِقِّكَ الأَيْمَن وَقُلْ : اَللَّهُمَّ أَسْلَمْتُ نَفْسِي فَتَوَضَّا وَصَدُوءَكَ لِلصَّلَاةِ ثُمَّ اصْطَجِعْ عَلَى شِقِّكَ الأَيْمَن وَقُلْ : اَللَّهُمَّ أَسْلَمْتُ نَفْسِي إِلَيْكَ ، وَوَجَّهْتُ وَجُهِي إِلَيْكَ ، وَفَوَّضْتُ أَمْرِي إِلَيْكَ وَأَلْجَأْتُ ظَهرِي إِلَيْكَ رَغْبَةً وَرَهْبَةً إِلَيْكَ ، وَوَجَّهْتُ وَرَهْبَةً إِلَيْكَ اللَّذِي أَنْرَلْتَ، وَبِنَبِيّكَ الَّذِي أَرْسَلْتَ، إِلَيْكَ لاَ مَلْجَأً وَلاَ مَنْجَا مِنْكَ إِلاَّ إِلَيكَ آمَنْتُ بِكِتَابِكَ الَّذِي أَنْزَلْتَ، وَبِنَبِيّكَ الَّذِي أَرْسَلْتَ، فَإِنْ مِتَ عَلَى الفِطْرَةِ وَاجْعَلْهُنَّ آخِرَ مَا تَقُولُ مَتفق عَلَيْهِ

বাংলা

(৩৭৬৪) বারা' ইবনে আযেব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''যখন তুমি শয্যা গ্রহণ করবে, তখন নামাযের ওযূর ন্যায় ওযূ করবে। তারপর ডানপাশে শুয়ে এই দু'আ পড়বে,

'আল্লা-হুম্মা আসলামতু নাফসী ইলাইক, অ অজ্জাহতু অজহিয়া ইলাইক, অফাউওয়াযতু আমরী ইলাইক, অ আলজা'তু যাহরী ইলাইক, রাগবাতাঁউ অরাহবাতান্ ইলাইক, লা মালজাআ' অলা মানজা মিনকা ইল্লা ইলাইক, আমানতু বিকিতা-বিকাল্লাযী আন্যালতা অ বিনাবিয়্যিকাল্লাযী আর্সালত ।'

অর্থাৎ, হে আল্লাহ! আমি আমার প্রাণ তোমার প্রতি সমর্পণ করেছি, আমার মুখমণ্ডল তোমার প্রতি ফিরিয়েছি, আমার সকল কর্মের দায়িত্ব তোমাকে সোপর্দ করেছি, আমার পিঠকে তোমার দিকে লাগিয়েছি (তোমার উপরেই সকল ভরসা রেখেছি), এসব কিছু তোমার সওয়াবের আশায় ও তোমার আযাবের ভয়ে করেছি। তোমার নিকট ছাড়া তোমার আযাব থেকে বাঁচতে কোন আশ্রয়স্থল নেই। তুমি যে কিতাব অবতীর্ণ করেছ তার উপর এবং তুমি যে নবী প্রেরণ করেছ তার উপর ঈমান এনেছি।

ফুটনোট

(বুখারী ২৪৭,৬৩১১, মুসলিম ৭০৫৭)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন